

AP- Anika
৩০/১১/২০
১৫/১১/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আইন ও বিধি শাখা]

ব্যাখ্যা পত্র নং- ১০/মুসক/২০২০

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/ ১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাকীতে (credit) উপকরণ ক্রয়ের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি।

চলতি মূলধনের স্বল্পতার জন্য বাকীতে (credit) উপকরণ ক্রয় ব্যবসায়িক বাস্তবতা। বাকীতে উপকরণ ক্রয় করার ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে ব্যাংকিং মাধ্যমে সরবরাহ মূল্য পরিশোধ করা হয় না। অপরদিকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) অনুযায়ী করযোগ্য সরবরাহের মূল্য ১ (এক) লক্ষ টাকার বেশি হলে এবং তা যদি ব্যাংকিং চ্যানেলে পরিশোধ না করা হয় তবে সেক্ষেত্রে রেয়াত গ্রহণ করা যায় না। এছাড়াও ধারা ৪৬ এর উপ-ধারা ১(গ) অনুযায়ী ৪ (চার) কর মেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। সে কারণে এ ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাকীতে উপকরণ ক্রয় করা হলে রেয়াত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকল্পে ব্যবসায়িক বাস্তবতা বিবেচনায় নিয়ে বাকীতে উপকরণ ক্রয়ের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথাঃ-

- (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৫১ অনুযায়ী কর চালানপত্র (মুসক-৬.৩) এর মাধ্যমে ক্রয়কৃত উপকরণ উৎপাদনস্থলে প্রবেশের পর ক্রয় হিসাব পুস্তক (মুসক-৬.১) এ তা এন্ট্রি করতে হবে;
- (খ) যে কর মেয়াদে উপকরণ ক্রয় করা হয়েছে সেই একই করমেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এর মাধ্যমে উপকরণ কর রেয়াত গ্রহণ করতে হবে;
- (গ) ক্রয়কৃত উপকরণের অপরিশোধিত সরবরাহ মূল্যের বিপরীতে প্রদেয় উপকরণ কর একই করমেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এ বৃদ্ধিকারী সমন্বয় করতে হবে;
- (ঘ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধিত হতে হবে;
- (ঙ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধের পর সরবরাহ মূল্যের বিপরীতে প্রদত্ত উপকরণ কর বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে যে কোন কর মেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এ হাসকারী সমন্বয় করতে হবে।
- (চ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর অন্যান্য সকল বিধান পরিপালন করতে হবে;
- (ছ) বাকীতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে উপর্যুক্ত কার্যক্রম বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে সম্পন্ন করতে হবে।
- (জ) উপর্যুক্ত পদ্ধতি পরিপালিত না হলে গৃহীত উক্তরূপ হাসকারী সমন্বয় বাতিলযোগ্য হবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

Rhasan

১১/১১/২০২০

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

AP- Anika
৩০/১১/২০
১৫/১১/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আইন ও বিধি শাখা]

ব্যাখ্যা পত্র নং- ১০/মুসক/২০২০

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/ ১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাকীতে (credit) উপকরণ ক্রয়ের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি।

চলতি মূলধনের স্বল্পতার জন্য বাকীতে (credit) উপকরণ ক্রয় ব্যবসায়িক বাস্তবতা। বাকীতে উপকরণ ক্রয় করার ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে ব্যাংকিং মাধ্যমে সরবরাহ মূল্য পরিশোধ করা হয় না। অপরদিকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) অনুযায়ী করযোগ্য সরবরাহের মূল্য ১ (এক) লক্ষ টাকার বেশি হলে এবং তা যদি ব্যাংকিং চ্যানেলে পরিশোধ না করা হয় তবে সেক্ষেত্রে রেয়াত গ্রহণ করা যায় না। এছাড়াও ধারা ৪৬ এর উপ-ধারা ১(গ) অনুযায়ী ৪ (চার) কর মেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। সে কারণে এ ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাকীতে উপকরণ ক্রয় করা হলে রেয়াত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকল্পে ব্যবসায়িক বাস্তবতা বিবেচনায় নিয়ে বাকীতে উপকরণ ক্রয়ের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথাঃ-

- (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৫১ অনুযায়ী কর চালানপত্র (মুসক-৬.৩) এর মাধ্যমে ক্রয়কৃত উপকরণ উৎপাদনস্থলে প্রবেশের পর ক্রয় হিসাব পুস্তক (মুসক-৬.১) এ তা এন্ট্রি করতে হবে;
- (খ) যে কর মেয়াদে উপকরণ ক্রয় করা হয়েছে সেই একই করমেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এর মাধ্যমে উপকরণ কর রেয়াত গ্রহণ করতে হবে;
- (গ) ক্রয়কৃত উপকরণের অপরিশোধিত সরবরাহ মূল্যের বিপরীতে প্রদেয় উপকরণ কর একই করমেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এ বৃদ্ধিকারী সমন্বয় করতে হবে;
- (ঘ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধিত হতে হবে;
- (ঙ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধের পর সরবরাহ মূল্যের বিপরীতে প্রদত্ত উপকরণ কর বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে যে কোন কর মেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এ হাসকারী সমন্বয় করতে হবে।
- (চ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর অন্যান্য সকল বিধান পরিপালন করতে হবে;
- (ছ) বাকীতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে উপর্যুক্ত কার্যক্রম বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে সম্পন্ন করতে হবে।
- (জ) উপর্যুক্ত পদ্ধতি পরিপালিত না হলে গৃহীত উক্তরূপ হাসকারী সমন্বয় বাতিলযোগ্য হবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

Rhasan

১১/১১/২০২০

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

প্রাপকঃ কমিশনার,
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/
বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০২.১৫/৪২২ (৬২)

তারিখঃ ১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মুসক নীতি)/ (মুসক বাস্তবায়ন)/ (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ১২-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মুসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ১৬-১৭। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ১৯। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ২০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২২-২৪। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন)/(শুল্ক: নীতি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। [তাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
- ২৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৭। সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন (বাপা), নাভানা নিউবাড়ি প্যালেস, প্ল্যাট-ডি-৬ (৭ম তলা), ৪/১/এ, সুবহানবাগ, ধানমন্ডি, ঢাকা-১২০৭।
- ২৮। উপ-মহাব্যবস্থাপক (কর), প্রাণ এগ্রো লিমিটেড, প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫ মধ্য বাজা, ঢাকা-১২১২।

Rhasan
১১/১১/২০২০

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com